# খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)

## Khulna Water Supply and Sewerage Authority (Khulna WASA)

৭নং, রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।

স্মারক নং ৪৬.০৭.০০০০.০০১.১১.০০১.২৫-৭২৩৫ তারিখঃ ১০/১১/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) এর আওতাধীন রাজস্বখাতভুক্ত নিম্ন বর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে উপযুক্ত প্রার্থী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ০১/১২/২০২৫ তারিখে প্রার্থীর বয়স | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী<br>গ্রেড-০৯<br>২২০০০-৫৩০৬০/- | মেকানিক্যাল-০১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং স্নাতক ডিগ্রী অথবা এ.এম.আই.ই (পার্ট-এ এন্ড বি) পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | ইলেকট্রিক্যাল-০১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং স্নাতক ডিগ্রী অথবা এ.এম.আই.ই (পার্ট-এ এন্ড বি) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২। | প্রশাসনিক কর্মকর্তা<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেনীর স্নাতক(সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী |
| ৩। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায়- ২৫ শব্দ ও ইংরেজীতে-৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ৪। | রেভিনিউ সুপারভাইজার<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে অনুন্য ২য় শ্রেনীর স্নাতক ডিগ্রীসহ জরিপ বা রাজস্ব আদায় কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা, তবে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা ০২ (দুই) বছর শিথীল যোগ্য। |
| ৫। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক। |
| ৬। | পাম্প অপারেটর<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তির্ণসহ ওয়াটার পাম্প, ইলেকট্রিক মটর, ইন্টারনাল কম্বার্শন ইঞ্জিন চালনায় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৭। | অফিস সহাকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তির্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায়- ২০ শব্দ ও ইংরেজীতে-২০ শব্দের গতি থাকতে হবে। |
| ৮। | অফিস সহাকারী কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ এস সি অথবা সমমানের পরীক্ষায় পাস।<br>কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায়- ২৫ শব্দ ও ইংরেজীতে-৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ৯। | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তির্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায়- ২০ শব্দ ও ইংরেজীতে-২০ শব্দের গতি থাকতে হবে। |
| ১০। | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে বানিজ্য বিষয়ে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তির্ণ। |
| ১১। | ল্যাব টেকনিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এইচ এস সি পাশ ও সংশ্লিষ্ট বিষয়ে ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ১২। | ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | এইচ এস সি পাশসহ ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি, মটর, জেনারেটর, ট্রান্সফর্মার, সাবস্টেশন এর কাজের ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ বৈদ্যতিক লাইসেন্সিং বোর্ড হতে খ ও গ শ্রেণির বৈদ্যতিক লাইসেন্স/ওয়ার্কম্যান পারমিটসহ। |
| ১৩। | মেকানিক্যাল টেকনিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১ | অনূর্ধ্ব ৩২ বৎসর | এইচ এস সি পাশসহ মেকানিক্যাল যন্ত্রপাতি, মটর, জেনারেটর, ট্রান্সফর্মার, সাবস্টেশন এর কাজের ০৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | ভান্ডার রক্ষক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তির্ণ। |

শর্তাবলী:

১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯/১২/২০১৪ খ্রি; তারিখের পরিপত্র নং ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ এর মাধ্যমে প্রকাশিত নির্ধারিত ফর্ম অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সম্বলিত ০১ পাতার আবেদন ফর্ম স্বহস্তে পূরণ ও স্বাক্ষর করে আগামী ১৫/১২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা ভবন, ৭ নং রুজভেল্ট জেটি ঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা এর বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

২। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সাম্প্রতিক রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, কম্পিউটার পারদর্শিতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদের মূল কপি দাখিল করতে হবে।

৩। বীর মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে-

৩.১। মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানের পিতা/মাতা অথবা পিতা মাতার সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং

৩.২। প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৪। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/তৃতীয় লিঙ্গ/শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয়পত্র বিষয়ক সনদপত্র দাখিল করতে হবে।

৫। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

৬। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নিদৃষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। অনাপত্তিপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর নিজস্ব ঠিকানা (পোস্টাল ঠিকানা) খামের উপর লিপিবদ্ধ করে অব্যবহৃত ১০ টাকার ডাক টিকিট যুক্ত ১০" x ৪.৫" মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৮।পরীক্ষার ফি বাবদ যে কোন তফশিলি ব্যাংক হতে ১ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ২ নং হতে ১৪ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ (অফেরতযোগ্য) ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা বরাবর দাখিল করতে হবে।

৯। আবেদনপত্র যাচাই বাছাই এর পর যোগ্য প্রার্থীদের বরাবর পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে এবং যোগ্য প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। এর জন্য কোন রুপ টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। পরীক্ষার স্থান,তারিখ ও সময় আবেদনকারীর প্রদত্ত যোগাযোগের ঠিকানায় যথাসময়ে জানানো হবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুলতথ্য সম্বলিত আবেদনপত্র বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন। এছাড়াও সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ব্যবস্থাপনা পরিচালক**
খুলনা ওয়াসা